

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স  
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)  
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ১৪ মে, ২০২৪ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১৪/০৫/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ মঙ্গলবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব ইশরাত সিদ্দিকা এর নেতৃত্বে, "গ্রান্ড চয়েজ রেস্টুরেন্ট" সেনাপাড়া পর্বতা, মিরপুর-১০, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানের শুরুতে গ্রান্ড চয়েজ - নামক রেস্টুরেন্টটির রান্নাঘর পরিদর্শন করা হয়। সেখানে বেশ কিছু ত্রুটি পাওয়া যায়। উক্ত রেস্টুরেন্টের রেস্টোরাঁ নিবন্ধন সনদ, পেস্ট কন্ট্রোল এর প্রমাণক, প্রিমিসেস লাইসেন্স, খাদ্যকর্মীদের স্বাস্থ্য সনদসহ যাবতীয় প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন করে।

অভিযান পরিচালনাকালে উক্ত রেস্টুরেন্টকে ১৫ কার্যদিবসের মধ্যে যাবতীয় ব্যত্যয় এর সমাধানের জন্য মুচলেকা নেয়া হয়।

অভিযান পরিচালনাকালে "গ্রান্ড চয়েজ রেস্টুরেন্ট" কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে জনাব মো: আসলাম ভূইয়া, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি টৌকস টিম উপস্থিত ছিলেন।

(মোঃ আখতার মামুন)  
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ  
ই-মেইল: [director.enforcement@bfsa.gov.bd](mailto:director.enforcement@bfsa.gov.bd)  
ফোনঃ ০২-২২২২২২৩৬০১

### বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।